গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

**বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৬/০২/২০২৩ খ্রিষ্টাব্দ। |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | সভাকক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব ড. আয়াতুল ইসলাম এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) কর্মপরিকল্পনার সূচক ২.৩.১ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে চলমান ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ ২০২৩) একটি অবহিতকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতার বিষয়টি সভায় তুলে ধরেন।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর অধ্যক্ষ অধ্যাপক মুহাম্মদ শাহ আলমগীর জানান যে বিএমটিটিআই বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। বিপুল সংখ্যক মাদ্রাসা শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এটি দেশের একমাত্র সরকারি প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। ইসলামি মূল্যবোধে বিশ্বাসী জনসাধারণের মনে লালিত উপলব্ধি ও তারই প্রতি শ্রদ্ধা জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ১৯৯৫ সালের ২৮ ডিসেম্বর এটি স্থাপন করা হয়। বর্তমানে একইসাথে এ প্রতিষ্ঠানে ৩টি ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে যারা আজকের এ সভায় অংশীজন হিসেবে অংশগ্রহণ করেছেন। একইসঙ্গে এ প্রতিষ্ঠানের প্রশিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীগণ সভায় উপস্থিত রয়েছেন। সকলের উপস্থিতিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় দপ্তর/সংস্থার অনিক ও আপীল কর্মকর্তার তথ্য হালনাগাদকরণ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর অনিক ও আপীল কর্মকর্তার তথ্য হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়; | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর অনিক ও আপীল কর্মকর্তার তথ্য জিআরএস সেবা বক্সে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতেহবে; | |
| জিআরএস সেবা বক্স হালনাগাদ করণ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর জিআরএস সেবাবক্স হালনাগাদকরণ সম্পর্কে বিস্তারিত আলোচনাও ওয়েব সাইট পর্যবেক্ষণ করা হয়; | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর জিআরএস সেবাবক্স হালনাগাদ করতেহবে; | অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) |
| প্রাপ্ত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিকরণ | অনলাইন ও অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিকরণের বিষয়ে আলোচনা হয়; | অনলাইন ও অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নিয়মিত ভিত্তিতে নিষ্পত্তি এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশ ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে; | |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.৪২.০০১.২২.৩৫

তারিখ: ২৫ মাঘ ১৪২৯
০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ৭ম ও ১০ম তলা, গাইড হাউস, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।
২) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২ নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৪) অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।
৫) সিনিয়র সহকারী সচিব, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, মন্ত্রপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯) অফিস কপি।

বেগম রুজিনা সুলতানা
উপসচিব